

খুলে দেওয়া হচ্ছে ইরাকের আকাশপথ

- A Monitor Desk Report

Date: 08 April, 2026



ঢাকা: যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি চুক্তির পর পরিস্থিতির উন্নতি হওয়ায় নিজেদের আকাশপথ পুনরায় খুলে দেওয়ার ঘোষণা দিয়েছে ইরাক।

দেশটির বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ এক বিবৃতিতে জানিয়েছে, দীর্ঘ উত্তেজনা শেষে পরিস্থিতি স্থিতিশীল হওয়ায় এবং জনজীবন স্বাভাবিক হয়ে আসায় অবিলম্বে এই সিদ্ধান্ত কার্যকর করা হচ্ছে।

ইরাকি সংবাদমাধ্যম পরিবেশিত ওই বিবৃতিতে বলা হয়, এখন থেকে ইরাকের আকাশসীমা ব্যবহার করে সব ধরনের আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ উড়োজাহাজ চলাচল করতে পারবে।

নতুন এই নির্দেশনার ফলে সব ধরনের বেসামরিক ফ্লাইট পুনরায় শুরু করার অনুমতি দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে ইরাকের ওপর দিয়ে অন্য দেশের উড়োজাহাজ যাতায়াত (ওভারফ্লাইট) এবং ইরাকের বিভিন্ন বিমানবন্দরে উড়োজাহাজ ওঠা-নামার প্রক্রিয়া।

ইরাকের উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ জানিয়েছে, আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী আকাশপথের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করতে তারা বদ্ধপরিকর। পাশাপাশি উড়োজাহাজ চলাচলের কার্যক্রম নিরবচ্ছিন্ন ও দক্ষ রাখতে সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থাগুলোর সঙ্গে নিয়মিত সমন্বয় বজায় রাখা হচ্ছে বলেও বিবৃতিতে নিশ্চিত করা হয়েছে।

মূলত আঞ্চলিক উত্তেজনা প্রশমনের পর উড়োজাহাজ পরিষেবা সচল করার মাধ্যমে ইরাক তার স্বাভাবিক যোগাযোগব্যবস্থা পুনরুদ্ধারের পথে আরও এক ধাপ এগিয়ে গেল।

